

২২ ডিসেম্বর ১৯৭১

২২ ডিসেম্বর ১৯৭১- ইতিহাসের এই দিনে স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন করে মহান মুক্তিযুদ্ধের নেতৃত্ব দানকারী মুজিবনগর সরকারের নেতৃবৃন্দ I ছবিতে: অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম এবং প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ সহ অনেককে I

আমি দৃঢ় ভাবে বিশ্বাস করি যে আমাদের মহান মুক্তিযুদ্ধের অর্জন, আমাদের স্বাধীনতাকে সমুন্নত রাখতে হলে, রক্ষা করতে হলে নতুন প্রজন্মকে জানতে হবে মুক্তিযুদ্ধের নয় মাসের ইতিহাস I কি ভাবে, কেন এবং কারা সিদ্ধান্ত নিলো সরকার গঠন করার ? এই সরকার গঠন না করলে কি আদৌ সম্ভব হত দেশ স্বাধীন করা ? সরকার গঠনের তাৎপর্য কি ছিল ? কি করে বঙ্গবন্ধুর অবর্তমানে সম্ভব হলো দেশ স্বাধীন করা ?

ঠিক যেমন কোনো সন্তানের মায়ের কাছে যদি জানতে চাওয়া হয় তার গর্বস্বায় নয় মাসের স্মৃতির কথা সেই মা উত্তরে কি বলবে ? সে বলবে যে সেই নয় মাস তার স্মৃতিতে গেঁথে থাকা এক অতুলনীয় অধ্যায়, সে বলবে সেই নয় মাসের প্রতিটি মুহূর্ত তার স্মৃতিতে চিরকালের জন্য গেঁথে থাকবে I সে বলবে হাসি কান্নার কথা, সে বলবে আশা নিরাশার কথা, সে বলবে কষ্ট আর ত্যাগের কথা, সে বলবে এক স্বপ্নের কথা যেই স্বপ্নের জন্য সে সব কিছু সহ্য করে নিয়ে এগিয়ে গিয়েছেলো I

এই মায়ের মতই বাংলার মানুষও স্বপ্ন দেখেছিলো, স্বপ্ন দেখেছিলো সোনার বাংলার আর সেই মায়ের মত নয় মাস যুদ্ধ করে ছিনিয়ে এনেছিল স্বাধীনতা I আর আমরা যদি সেই মায়ের স্বপ্ন পূরণ করতে চাই তাহলে আগে জানতে হবে, বুজতে হবে সেই মায়ের অনুভূতি আর ইতিহাস I

মুক্তিযুদ্ধের নয় মাসের ইতিহাস ঘাটলে স্পষ্ট ভাবে বুঝা যায় যে বঙ্গবন্ধু তার সাথে রেখেছিলেন যোগ্য ব্যক্তিদের যারা সবাই পৃথক ভাবে একই আদর্শিক পথের যাত্রী ছিলেন এবং বাঙালি জাতির ক্রান্তিলগ্নে সঠিক নেতৃত্বের মাধ্যমে বিজয় ছিনিয়ে এনেছিলেন I

বি: দ্রষ্টব্যঃ

অনেকেই মুজিবনগর সরকারকে অস্থায়ী সরকার হিসেবে আখ্যায়িত করে থাকে যা সঠিক না I মুজিবনগর সরকার বাংলাদেশের প্রথম সরকার এবং বাংলাদেশের পরোবর্তী সকল সরকারের ভিত্তি I এই ভুল ধারণার একটা কারণ হচ্ছে যে এই সরকারের প্রধান বা রাষ্ট্রপতি ছিলেন বঙ্গবন্ধু কিন্তু যেহেতু তিনি অনুপস্থিত ছিলেন (পশ্চিম পাকিস্তানের কারাগারে) তার অবর্তমানে এই দায়িত্ব পালন করেন অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম I যেহেতু সৈয়দ নজরুল ইসলাম অস্থায়ী রাষ্ট্রপতি অনেকেই ভুল বসত ধারণা করে নিয়েছে যে সরকারও অস্থায়ী ছিল I